



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১১২২৭৭৬১২/রংপুর-১৫১/১১১১/৪

তারিখ: ১৬.১১.২০১৯খ্রি.

**বিষয়:** অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

**সূত্র:** নং-বামাশিবো/প্রশাসন/১০৫১/৪/রংপুর-১৫১; তারিখ: ১৩/০৩/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার পীরগাছা উপজেলাধীন পীরগাছা জমানবিশ বালিকা দাখিল মাদ্রাসার সুপারের বিরুদ্ধে এডহক কমিটির সভাপতি মুহাম্মদ নজরুল ইসলাম রাজু একটি অভিযোগ দাখিল করেছেন। অভিযোগে তিনি সুপারের বিরুদ্ধে প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন না করা, একই শিক্ষককে বারবার প্রশিক্ষণে পাঠানো, আয়-ব্যয়ের সঠিক হিসাব নিরূপণ না করা, ছাত্র-ছাত্রীদের জন্য বরাদ্দকৃত বই সঠিকভাবে বিতরণে বিভিন্ন অনিয়মের কথা উল্লেখ করেছেন। বর্ণিত অবস্থায় অভিযোগসহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রোক্ত স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, পীরগাছা, রংপুর-কে পত্র দেয়া হয়। তদন্তে সুপারের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত না হওয়ায় অভিযোগকারী পুনরায় উচ্চতর তদন্তের জন্য আবেদন করেছেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় অভিযোগসহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য তাকে অনুরোধ করা হলো।

সংযুক্তি বর্ণনা মোতাবেক (সি/১) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

(মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬১২৮৫৮

প্রাপকঃ জেলা প্রশাসক  
রংপুর।

নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১১২২৭৭৬১২/রংপুর-১৫১/১১১১/৪

তারিখ: ১৬.১১.২০১৯খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা শিক্ষা অফিসার, রংপুর;
২. উপজেলা নির্বাহী অফিসার, পীরগাছা, রংপুর;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পীরগাছা, রংপুর;
৪. সুপার, পীরগাছা জমানবিশ বালিকা দাখিল মাদ্রাসা, পীরগাছা, রংপুর;
৫. মুহাম্মদ নজরুল ইসলাম রাজু, (সভাপতি ও অভিযোগকারী), গ্রাম: অনন্তরাম, ডাকঘর-পীরগাছা, পীরগাছা, রংপুর;
৬. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

(মোঃ ওমর ফারুক)

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪